



(একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
প্রশাসন অধিশাখা
প্রধান কার্যালয়, রাঙ্গামাটি
(www.chtdb.gov.bd)



স্মারক নম্বর : ২৯.৩১.০০০০.০০৭.০৬.০০৪.১৮-৪৫০

তারিখ: ০৯ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ
২৩ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ

সভার সংশোধিত নোটিশ


পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড “পরিচালনা বোর্ড” এর ২০২১-২০২২ অর্থ বছরের আগামী ২৮/০৩/২০২২ তারিখের অনুষ্ঠিতব্য ৩য় সভা **অনিবার্য কারণবশতঃ আগামী ২৮/০৩/২০২২ তারিখের পরিবর্তে ৩০/০৩/২০২২ তারিখ রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকায়** বোর্ডের বান্দরবান ইউনিট কার্যালয়ের সম্মেলন কক্ষে স্বাস্থ্যবিধি মেনে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন বোর্ডের মাননীয় চেয়ারম্যান জনাব নিখিল কুমার চাকমা।

উক্ত সভায় সকল সম্মানিত সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

আলোচ্যসূচী :

- ১) গত ০৯/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন এবং গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা;
- ২) ২০২১-২০২২ অর্থ বছরে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাদীন প্রকল্পসমূহের ১৫ মার্চ, ২০২২ পর্যন্ত সময়ের অগ্রগতি পর্যালোচনা;
- ৩) ২০২১-২০২২ অর্থ বছরে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড তহবিলের সংশোধিত বাজেট প্রণয়ন;
- ৪) বিবিধ।

উল্লেখ্য, গত ০৯/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণীর স্ব-স্ব কার্যক্রম (প্রযোজ্য ক্ষেত্রে) ও সংশ্লিষ্ট প্রকল্পসমূহের অগ্রগতি (১৫ মার্চ, ২২ পর্যন্ত) আগামী ২৭/০৩/২০২২ তারিখ ০৪.০০ ঘটিকার মধ্যে হার্ডকপি ও সফটকপি (এমএস ওয়ার্ড ও পিডিএফ ফাইল) আবশ্যিকভাবে প্রশাসন অধিশাখায় ad@chtdb.gov.bd ই-মেইল ঠিকানায় এবং নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


(ইফতেখার আহমেদ)
(যুগ্মসচিব)

সদস্য-প্রশাসন

ফোন : +৮৮০২৩৩৩৩৭২৪৯৭

Email : ma@chtdb.gov.bd

সদয় কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মনোনীত প্রতিনিধিকে সভায় অংশগ্রহণের নিমিত্ত সদয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো)
- ০২। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/ খাগড়াছড়ি/ বান্দরবান
- ০৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি (পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কর্তৃক মনোনীত একজন প্রতিনিধিকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো)
- ০৪। জেলা প্রশাসক, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি পার্বত্য জেলা
- ০৫। প্রকল্প পরিচালক (সকল), পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প/ পার্বত্য চট্টগ্রামে অঞ্চলে কফি ও কাজুবাদাম চাষের মাধ্যমে দারিদ্র হ্রাসকরণ শীর্ষক প্রকল্প / পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ প্রকল্প (২য় পর্যায়)/পার্বত্য চট্টগ্রাম এলাকায় সুগারক্রপ চাষাবাদ জোরদারকরণ প্রকল্প/পার্বত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র্য বিমোচন প্রকল্প/রাবার বাগান ব্যবস্থাপনা ইউনিটের রাবার উৎপাদন বৃদ্ধি ও উপকারভোগীদের সামাজিক সুবিধাদি উন্নয়ন শীর্ষক প্রকল্প/পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় মিশ্র ফল চাষ প্রকল্প/ বান্দরবান সদর উপজেলার সুয়ালক লামা সড়কের টংকাবতী ইউনিয়ন পরিষদ হতে ফুলতলী বাজার হয়ে চিনি পাড়া বাজার পর্যন্ত রাস্তা ও ব্রীজ নির্মাণ প্রকল্প/বান্দরবান পার্বত্য জেলার রোয়াংছড়ি উপজেলা সদর হতে রুমা উপজেলা পর্যন্ত সড়ক নির্মাণ প্রকল্প/খাগড়াছড়ি পার্বত্য জেলার বিভিন্ন উপজেলার প্রত্যন্ত জনপদের সাথে উপজেলা সদরের যোগাযোগ নেটওয়ার্ক গড়ে তোলার লক্ষ্যে গ্রামীণ সড়ক অবকাঠামো নির্মাণ, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি/বান্দরবান/রাঙ্গামাটি (প্রকল্প কার্যক্রমের অগ্রগতি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করার প্রস্তুতিসহ উপস্থিত থাকার জন্য)
- ০৬। নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি/বান্দরবান/রাঙ্গামাটি (প্রকল্প কার্যক্রমের অগ্রগতি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করার প্রস্তুতিসহ উপস্থিত থাকার জন্য)
- ০৭। উপপরিচালক, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি (চেয়ারম্যান মহোদয়কে অবহিতকরণের জন্য)
- ০৮। জেনারেল ম্যানেজার, রাবার বাগান ব্যবস্থাপনা কমিটি, খাগড়াছড়ি (প্রকল্প কার্যক্রমের অগ্রগতি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করার প্রস্তুতিসহ উপস্থিত থাকার জন্য)
- ০৯। গবেষণা কর্মকর্তা (পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ওয়েব সাইটে নোটিশটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)/ তথ্য অফিসার, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
- ১০। সহকারী পরিচালক (প্রশাসন) (চঃ দাঃ), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি (আপ্যায়নসহ সভার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
- ১১। পিএ টি ভাইস-চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি (ভাইস চেয়ারম্যান মহোদয়কে অবহিতকরণের জন্য)
- ১২। পিএ টি সদস্য-বাস্তবায়ন/সদস্য-অর্থ/সদস্য-পরিকল্পনা, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি (সদস্য-বাস্তবায়ন/সদস্য-অর্থ/সদস্য-পরিকল্পনা -কে অবহিতকরণের জন্য)

সদয় জ্ঞাতার্থে :-

- ০১। **মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ**, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তিন পার্বত্য জেলার জেলা প্রশাসকবৃন্দ পদাধিকারবলে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের পরিচালনা বোর্ডের সদস্য হওয়ায় তাঁদের উক্ত সভায় যোগদানের সদয় অনুমতি প্রদানের জন্য অনুরোধ জানানো হলো)
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম। (তিন পার্বত্য জেলার জেলা প্রশাসকগণকে উক্ত সভায় যোগদানের সদয় অনুমতি প্রদানের জন্য অনুরোধ জানানো হলো)